

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৮৭১

জম্পুইজলা, ১৯ নভেম্বর, ২০২৪

ধরতি আভা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযান
জম্পুইজলা ইউনিয়ন

জম্পুইজলা ইউনিয়ন সম্পত্তি ধরতি আভা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযান কর্মসূচির বাস্তবায়নে এক সভা অনুষ্ঠিত হয়। জম্পুইজলা বিএস'র কনফারেন্স হলে অনুষ্ঠিত এই সভায় সভাপতিত্ব করেন জম্পুইজলা বিএস'র চেয়ারম্যান বীরেন্দ্র কিশোর দেববর্মা। সভায় উপস্থিত ছিলেন ইউনিয়ন পরিষদের অধিবক্তা বিডিও বীরবাহাদুর রিয়াৎ এবং পূর্তি, পানীয়জল ও স্বাস্থ্যবিধান, স্বাস্থ্য, গ্রাম উন্নয়ন, প্রাণীসম্পদ বিকাশ, জনজাতি কল্যাণ ও বিদ্যুৎ দপ্তরের আধিকারিকগণ। সভায় বিডিও স্বদেশ দেববর্মা জানান, জম্পুইজলা ইউনিয়ন ভিলেজগুলিতে গত ১৬ নভেম্বর থেকে এই অভিযানে বিভিন্ন কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। আগামী ২৬ নভেম্বর এই অভিযান কর্মসূচি সমাপ্ত হবে। এই অভিযানে ইউনিয়ন ভিলেজগুলিতে জনজাতি সম্পদায়ের সুবিধাভোগীদের পানীয়জল, বিদ্যুৎ সংযোগ, প্রধানমন্ত্রী আবাস যোজনায় পাকা আবাসের সুবিধা দেওয়া হবে। তাছাড়াও ইউনিয়ন ভিলেজগুলিতে যোগাযোগ সহ বিভিন্ন পরিকাঠামো উন্নয়নে অগ্রাধিকার দেওয়া হচ্ছে।
